যুগান্তর

তারিখ 18 JAN 2015
পৃষ্ঠা ৩ কলাম ৬

# ঢাবির সংঘর্ষের ঘটনায় দুই তদন্ত কমিটি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কবি জসীমউদ্‌দীন হল ও মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের শিক্ষার্থীদের মধ্যকার সংঘর্ষের ঘটনায় পৃথক দুটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। জসীমউদ্‌দীন হলের আবাসিক শিক্ষক মো. জাকারিয়া এবং জিয়া হলের আবাসিক শিক্ষক কাজী মাহফুজুল হক সুপনকে প্রধান করে এ তদন্ত কমিটি গঠন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. আমজাদ আলী যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, সংঘর্ষের ঘটনায় দুটি হলেই পৃথক তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত কমিটিকে সোমবারের মধ্যে তদন্ত রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। তদন্ত কমিটির দেয়া রিপোর্ট অনুযায়ী পরবর্তী সময় জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া এ ঘটনায় কোনো মামলা হয়নি বলেও জানিয়েছেন তিনি।

জানতে চাইলে জসীমউদ্‌দীন হলের তদন্ত কমিটি প্রধান মো. জাকারিয়া যুগান্তরকে বলেন, আমরা তদন্ত করছি।. সোমবার বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে রিপোর্ট জমা দেব। জিয়া হলের তদন্ত কমিটি প্রধান কাজী মাহফুজুল হক সুপন যুগান্তরকে বলেন, আমরা তদন্ত করছি। কালকের ( রোববার) মধ্যেই আশা করছি রিপোর্ট জমা দিতে পারব।